বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩২৫

তারিখ: ২২ আশ্বিন , ১৪২৯ বঙ্গাব্দ
০৭ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: স্টক এক্সচেঞ্জ প্ল্যাটফর্মে সরকারি সিকিউরিটিজ লেনদেনের System Based Trial Trading শুরু।**

আগামী ১০ অক্টোবর ২০২২ তারিখ হতে স্টক এক্সচেঞ্জ প্ল্যাটফর্মে সরকারি সিকিউরিটিজ লেনদেনের System Based Trial Trading শুরু হবে। উক্ত তারিখ হতে সাধারণ বিনিয়োগকারীরা পুঁজিবাজারের স্টক ব্রোকারের মাধ্যমে সরকারি সিকিউরিটিজ BO ID-তে ক্রয় বিক্রয় করতে সক্ষম হবেন। পুঁজিবাজারে লেনদেনকৃত সরকারি সিকিউরিটিজ এর অভিহিত মূল্য হবে ১০০ টাকা এবং মার্কেট লট হবে ১০০০ অর্থাৎ নূন্যতম ১ লক্ষ টাকা অভিহিত মূল্যের সরকারি সিকিউরিটিজ স্টক এক্সচেঞ্জ প্ল্যাটফর্মে লেনদন করা যাবে। উল্লেখ্য যে, বিনিয়োগকারীরা yield অথবা price দর উল্লেখপূর্বক সরকারি সিকিউরিটিজ ক্রয় বিক্রয় করতে পারবেন। বিক্রেতা বিক্রয়মূল্যের সাথে accrued interest/profit ও পাবেন এবং ক্রেতা বা বন্ডহোল্ডার কুপন ডেট-এ কুপনের অর্থ ব্যাংক একাউন্টে BEFTN এর মাধ্যমে জমা পাবেন এবং মেয়াদ পূর্তিতে বন্ডহোল্ডার বন্ডের প্রিন্সিপাল/অভিহিত মূল্য ব্যাংক একাউন্টে BEFTN এর মাধ্যমে ফেরত পাবেন। সাধারণ বিনিয়োগকারীরা তাদের পোর্টফোলিও-তে সরকারি সিকিউরিটিজ এর মতো ঝুঁকিবিহীন সিকিউরিটিজ অন্তর্ভূক্ত করতে পারবেন। এর মাধ্যমে বিনিয়োগকারীর পোর্টফোলিও ঝুঁকি কমে যাবে। ফলে পুঁজিবাজারে একটি প্রাণবন্ত বন্ড মার্কেট তৈরি হবে এবং বাজার মূলধন অনেকাংশে বৃদ্ধি পাবে। সরকারি সিকিউরিটিজ সেকেন্ডারি বা স্টক এক্সচেঞ্জ ট্রেডিং প্ল্যাটফর্মে লেনদেনের কারণে বিভিন্ন মেয়াদের বন্ডের yield curve পাওয়া যাবে। এই yield curve এর ভিত্তিতে অন্যান্য কর্পোরেট বন্ডের কুপন অথবা সুদহার/লভ্যাংশ নির্ধারণ করা সহজ হবে এবং yield curve এর ভিত্তিতে বিভিন্ন মেয়াদের ভবিষ্যত সুদহার প্রাক্কলন করা যাবে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র